

স্মারক নং- ইন্ডাঃ পুলিশ হেডকোঃ/২০২২/প্রশাসন/২৯৭৯

তারিখ-১৩/০৬/২০২২ খ্রিঃ।


নিয়োগ বিজ্ঞপ্তি

স্বরাষ্ট্র মন্ত্রণালয় স্মারক নং-৪৪.০০.০০০০.০৯৫.০২.০০৪.২১-৩৫৮ তারিখ-২৮/১১/২০২১ খ্রিঃ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা স্মারক নং-৪৪.০১.০০০০.০২৮.১৮.০৫৯.২০২১-০৫ তারিখ-০৪/০১/২০২২ খ্রিঃ এবং বিভাগীয় নির্বাচন কমিটি, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স এ গত ০১/০৩/২০২২ খ্রিঃ তারিখের ইন্ডাঃ পুঃ হেডকোঃ/২০২২/প্রশাসন/১১৮৫ (২) নং স্মারকে অনুমোদনপ্রাপ্ত হয়ে ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স এর অধীনে নিম্ন বর্ণিত শূণ্য পদে সরাসরি জনবল (রাজস্ব খাতে) নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্তে বাংলাদেশের নাগরিক এর নিকট হতে নিম্নলিখিত শর্তসাপেক্ষে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :-

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল ও পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না	মন্তব্য
১.	ক্যাশিয়ার গ্রেড-১৬ বেতন স্কেল ৪ ৯৩০০- ২২৪৯০/- পদের সংখ্যা-০১ (এক) টি	কোন স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হতে বাণিজ্য বা ব্যবসায় শিক্ষা বিভাগে দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।	ঢাকা, গাজীপুর, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, ব্রাহ্মণবাড়িয়া, নাটোর, কুড়িগ্রাম, মাগুরা	এতিম ও শারিরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সকল জেলা হতে আবেদন করতে পারবেন।

শর্তাবলী

- চাকরির জন্য নির্ধারিত আবেদন ফরম প্রার্থী কর্তৃক পূরণ করে নিজ স্বাক্ষরে আবেদন করতে হবে। আবেদন ফরমটি বাংলাদেশ পুলিশের (www.police.gov.bd), ইন্ডাস্ট্রিয়াল পুলিশের (iphq.police.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।
- আবেদন ফরমে ০১/০৬/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স উল্লেখ করতে হবে এবং উক্ত তারিখে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারিরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩২ বছর; সাধারণ কোটা, মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের পুত্র-কন্যা, এতিম ও অন্যান্য বিশেষ কোটার প্রার্থীদের বয়স সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বছর হতে হবে।
- আবেদনপত্র আগামী ১৭/০৭/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, বাড়ি নং-০৩, রোড নং-২১(১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা বরাবরে অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে প্রেরণ করতে হবে। সরাসরি বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।
- আবেদনপত্র এর সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা ৫×৫ সে.মি. সাইজের ০৪ (চার) কপি রঙিন ছবি, আবেদনকারীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০ (দশ) টাকার ডাক টিকেট সংযুক্ত ১০×৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম দিতে হবে। এছাড়া পরীক্ষার ফি বাবদ প্রার্থীদেরকে আবেদনপত্রের সাথে অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, বাড়ি নং-০৩, রোড নং-২১(১৫), সেক্টর-০৪, উত্তরা, ঢাকা বরাবর কোড নং-১-২২১১-০০০০-২০৩১ তে ক্রমিক নং-১ এ বর্ণিত পদের জন্য ১০০/- (একশত) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্রের সাথে কোন প্রকার শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সংযুক্ত করা যাবে না। তবে মৌখিক পরীক্ষার সময়ে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, স্থায়ী ঠিকানার স্বাক্ষে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা অথবা সিটি কর্পোরেশনের কমিশনার/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদসহ বিশেষ কোটার স্বাক্ষর সনদ ইত্যাদির মূল সনদ এবং সকল সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত কপি সঙ্গে আনতে হবে।
- আবেদনপত্রের খামের বাম পার্শ্ব উপরে অবশ্যই স্পষ্ট অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।
- সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকরির প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্র প্রেরণ করতে হবে।
- অস্পষ্ট/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত/একই খামের মধ্যে একাধিক আবেদনপত্র বা আবেদনপত্রের সাথে কোন প্রকার সুপারিশ লিপিবদ্ধ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে লিখিত ও মৌখিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য ডাকা হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- এ নিয়োগ বিজ্ঞপ্তির যে কোন অংশ সংশোধন, পরিবর্তন, সংযোজন ও বিয়োজনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।



(উত্তম কুমার পাল পিপিএম)

বিপি নং-৭৩০৩০২৭৮০২

পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ)

(অতিরিক্ত ডিআইজি পদে পদোন্নতি প্রাপ্ত)

ও

সদস্য সচিব

বিভাগীয় নির্বাচন কমিটি

পক্ষে/অতিরিক্ত আইজিপি

ইন্ডাস্ট্রিয়াল পুলিশ হেডকোয়ার্টার্স, উত্তরা, ঢাকা।